প্রথম আলো

তারিখ ...11 AUG 2015...
পৃষ্ঠা ...১৪ কলাম ...১......



ই-লাইব্রেরির উদ্বোধন করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ই-লাইব্রেরি চালু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদ বিভাগে চালু হলো ইলেকট্রনিক লাইব্রেরি (ই-লাইব্রেরি) সুবিধা। এই ই-লাইব্রেরিতে থাকছে বিশ্বের বড় ৩৫টি বিশ্ববিদ্যালয়সহ শীর্ষ সব আন্তর্জাতিক প্রকাশকদের বিভিন্ন প্রকাশনার ওয়েব লিংক। ফলে এসব বিশ্ববিদ্যালয় এবং প্রকাশকদের সব ধরনের প্রকাশনার তথ্য পাওয়া যাবে এ ই-লাইব্রেরিতে।

গতকাল সোমবার ই-লাইব্রেরির উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময়ে তিনি বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি, নিবন্ধনসহ বেশ কয়েকটি কার্যক্রম বর্তমানে ডিজিটাল পদ্ধতিতে হচ্ছে। নতুনভাবে যুক্ত হলো ই-লাইব্রেরি। এতে করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ শিক্ষক, গবেষকেরা নানা ধরনের রিসোর্স ব্যবহার করতে পারবেন।' অনুষ্ঠানে বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য নাসরীন আহমেদ, শহীদ আখতার হোসেন, কোষাধ্যক্ষ কামাল উদ্দিনসহ অনেকে। অনুষ্ঠান শেষে ব্যবসায় অনুষদ ভবনে আনুষ্ঠানিকভাবে ই-লাইব্রেরি চালু করা হয়।

এই ই-লাইব্রেরি প্রতিষ্ঠায় সহযোগিতা করেছে মোবাইল ফোন সংযোগদাতা প্রতিষ্ঠান রবি। প্রতিষ্ঠানটির প্রধান পরিচালন কর্মকর্তা মাহতাব উদ্দিন জানান, ই-লাইব্রেরির এ উদ্যোগের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বহনকারী সবগুলো বাসে ওয়াই-ফাই নেটওয়ার্ক চালু করার ব্যাপারে আমরা কাজ করছি। আবাসিক হলগুলোও দ্রুতগতির ইন্টারনেট সংযোগের আওতায় আনার কাজ চলছে।

অনুষ্ঠানে জানানো হয়, এ ই-লাইব্রেরির মাধ্যমে ব্যবসায় শিক্ষা অনুষদের ছয় হাজারের বেশি শিক্ষার্থী সরাসরি লাইব্রেরির সুবিধা গ্রহণ করতে পারবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), ঢাকা বিশ্ববিদ্যালয় ও রবি-আজিয়াটা লিমিটেডের ত্রিপক্ষীয় চুক্তির আওতায় এ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। আগামী ১৫ বছর এই লাইব্রেরির রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকবে রবি।

ব্যবসায় শিক্ষা-অনুষদের ডিন শিবলী রুবাইত উল ইসলাম *প্রথম আলোকে* বলেন, ই-লাইব্রেরির কারণে শিক্ষার্থীদের সামনে বড় একটি দরজা খুলে যাচ্ছে। প্রাথমিকভাবে শুরু হলেও কয়েক পর্যায়ে এ ই-লাইব্রেরির উন্নয়ন চলবে।

ই-লাইব্রেরির এ উদ্যোগে আরও সহযোগিতা করেছে ডেল, ওরিয়ন গ্রুপ ও লজিক সফটওয়্যার।

● নুরুন্নবী চৌধুরী